# এনফোর্সমেন্ট বুলেটিন

(আগস্ট, ২০২৪)



## পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. আবদুল হামিদ**
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**

**মো: ছিদ্দিকুর রহমান**
অতিরিক্ত মহাপরিচালক

**সম্পাদনায়**

**মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**মো: আ: সালাম সরকার**
উপপরিচালক

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**মো: রেজুওয়ান ইসলাম**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**

সেপ্টেম্বর ২০২৪

**প্রকাশক**

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, ফেসবুক: facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারীকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় আগস্ট/২০২৪ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগস্ট/২০২৪ মাসে অবৈধ পলিথিন, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ, স্টোন ক্রাশার ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ৬টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ১৩ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৩৯,৫০০/- (উনচল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয় এবং আনুমানিক ৪০ কেজি পলিথিন জব্দ, ১৮ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী তথাসার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। একইসাথে অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় আগস্ট ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক আগস্ট ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | আগস্ট ২০২৪ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১২ |
| ৪ | আগস্ট ২০২৪ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৩-১৬ |

# পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫-এর ৭ ধারার আওতায় আগস্ট ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম:



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানীতে অংশগ্রহণকারীদের উপস্থিতি

আগস্ট ২০২৪ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিবুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ১০৯ (একশত নয়) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ১,৩৯,৭৯,৫৫৬/- (এক কোটি উনচ-ল্লিশ লক্ষ উনআশি হাজার পাঁচশত ছাপান্ন) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ৫৪,২৩,১৭৯/- (চুয়ান্ন লক্ষ তেইশ হাজার একশত উনআশি) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহাপরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

# মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক আগস্ট ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম:











চিত্র: আগস্ট/২০২৪ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেণি পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।

**০৬ আগস্ট ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার এমা সিনটেক্স লিমিটেডকে ২লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

**০৮ আগস্ট ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নরসিংদী জেলার নিউ বিসমিল্লাহ ডাইং এন্ড প্রিন্টিং কে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

**১৩ আগস্ট ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্টশাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার কারু বাংলা ব্যাগসকে ৮ লক্ষ টাকা; সিরাজগঞ্জ জেলার সরকার মার্চেরাইজিং (সুতা প্রসেস ও ওয়াশ) কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

**১৮ আগস্ট ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনাকালে পাহাড় কর্তনের দায়ে জনাব মোঃ আমজাদ হোসেন (৫৫), পিতাঃ মৃত আলী মোহাম্মদ, সাং-বাড়িঃ ৫ (এ/২), চট্টগ্রাম ক্যান্টনমেন্ট, ডিওএইচএস, চট্টগ্রাম নামে এক ব্যক্তিকে ৫০ হাজার টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয়।





**২১ আগস্ট ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার এরাবিয়ান এন্টারপ্রাইজকে ৫ লক্ষ টাকা; ঢাকা জেলার এস এস ফার্মাসিউটিক্যালকে ২ লক্ষ টাকা, ঢাকা পুল ওভার গার্মেন্টস ফ্যাক্টরিকে ৩০ হাজার টাকা, ফিরোজা ট্রেড ইন্টারন্যাশনালকে ২ লক্ষ টাকা; গাজীপুর জেলার সিলভার গ্রীন টাচকে ৬ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানী, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।

**২৫ আগস্ট ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের নীলফামারী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৩ হাজার ৩ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**২৮ আগস্ট ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার আর এস এন্টারপ্রাইজকে ৫০ হাজার টাকা, Huizhou Baijia Glove Co. Ltd. কে ৫০ হাজার টাকা, পি এম কে হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ৫০ হাজার টাকা, ভুঁয়া ফ্যাশনকে ২ লক্ষ টাকা, মেসার্স চাচা ভাতিজা ব্রিকস কোং কে ৫ লক্ষ টাকা; দিনাজপুর জেলার মেসার্স মোল্লা ব্রিকসকে ১১ লক্ষ ২৫ হাজার টাকা, মেসার্স আর আর ব্রিকসকে ১০ লক্ষ টাকা; নরসিংদী জেলার চায়না গ্রেট ওয়াল ব্যাটারি কোম্পানি লিমিটেডকে ৩০ লক্ষ টাকা, মেসার্স তানিয়া ডাইং, প্রিন্টিং এন্ড ফিনিশিং মিলসকে ৮৩ হাজার ১ শত ৬০ টাকা; গাজীপুর জেলার মেসার্স খান ব্রাদার্স নিটওয়ার লিমিটেডকে ১ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার মদিনা ডাইং এন্ড প্রিন্টিং ফ্যাক্টরিকে ১ লক্ষ ১৯ হাজার ৪০ টাকা; বগুড়া জেলার মেসার্স আর এস এম ব্রিকসকে ১৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

**২৯ আগস্ট ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার কার্তিকপুর ক্লিনিক এন্ড ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা, ফরহাদ হোসেনের মুরগির ফার্মকে ১০ হাজার টাকা; গাজীপুর জেলার হাজী আক্কাস আলী স্কয়ার হাসপাতালকে ১০ হাজার টাকা; দিনাজপুর জেলার মেসার্স এন এন ব্রিকসকে ৪ লক্ষ ৮৫ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার মেমরি হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক কমপ্লেক্সকে ৩০ হাজার টাকা; মানিকগঞ্জ জেলার মুন্নু মেডিকেল কলেজ এন্ড হাসপাতালকে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



# পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়